রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ৭, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
টিএ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/০১ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩২৭-আইন/২০২৪।—Ports Act, 1908 (Act No. XV of 1908), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 4 এর sub-section (1) এর clause (a), sub-section (2) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে "গোয়াইনঘাট নদী বন্দর" এর সীমানা নির্ধারণপূর্বক উহাতে উক্ত Act এর প্রয়োগ কার্যকর করিল, যথা :—

তফসিল

"গোয়াইনঘাট নদী বন্দর" এর—

| | | |
|---|---|---|
| (ক) উত্তর-পূর্ব সীমানা | : | সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার জাফলং পর্যটনকেন্দ্র সংলগ্ন জিরো পয়েন্ট এর সন্নিকটে গোয়াইন নদীর উপর আড়াআড়িভাবে ২৫°১০´ ৪০.৭" N অক্ষাংশ পর্যন্ত বিস্তৃত; |
| (খ) উত্তর-পশ্চিম সীমানা | : | সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার রুস্তমপুর ইউনিয়নের বিছানাকান্দি গ্রাম পর্যটনকেন্দ্রের সন্নিকটে পিয়াইন গাং এর উপর আড়াআড়িভাবে ২৫°১০´ ৩০" N অক্ষাংশ পর্যন্ত বিস্তৃত; |

| | | |
|---|---|---|
| (গ) পূর্ব সীমানা | : | সিলেট জেলার জৈন্তাপুর উপজেলার চারিকাটা ইউনিয়নের জংলিবিল গ্রাম (মিন্তিঘাট) এলাকার লালাখাল জিরো পয়েন্ট সংলগ্ন সারি গোয়াইন নদীর উপর আড়াআড়িভাবে ২৫°০৬´ ৫৫.২৬" N অক্ষাংশ পর্যন্ত বিস্তৃত; |
| (ঘ) পশ্চিম সীমানা | : | সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার কালারুকা ইউনিয়নের আরতানপুর গ্রামের সন্নিকটে সুরমা নদীর উপর আড়াআড়িভাবে ৯১°৪২´ ৩০" E দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত; |
| (ঙ) ভূ-ভাগের সীমানা | : | উপরিউক্ত নদী বন্দর সীমানার আওতায় নদীর উভয় তীরে সাধারণ ভরাকটাল (ordinary spring tide) এর সময় বন্দর এলাকায় সর্বোচ্চ পানি সমতল (high water mark) হইতে ভূ-ভাগের দিকে ৫০ (পঞ্চাশ) মিটার পর্যন্ত বিস্তৃত। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রফিকুল ইসলাম
সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd